গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১৯/২০১৯-২০২০

ঢাকা, ২৩ জুলাই মঙ্গলবার ২০১৯, ৮ শ্রাবণ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতি আজ ৪৫ ব্যক্তি ও ২ প্রতিষ্ঠানকে জনপ্রশাসন পদক প্রদান করবেন
২। মাছ চাষে বাংলাদেশ সফল, বিশ্বে চতুর্থ স্থানে : মাছের পোনা অবমুক্তকরণ অনুষ্ঠানে স্পিকার
৩। বন্যায় ক্ষতিগ্রস্ত সড়ক ঈদের আগেই জরুরিভিত্তিতে মেরামত করা হচ্ছে : সেতুমন্ত্রী
৪। সরকারি ব্যাংকে খেলাপি ঋণ কমেছে : অর্থমন্ত্রী
৫। শতকোটি টাকা ঋণখেলাপিদের জন্য বিশেষ তদারকি সেল হচ্ছে : কেন্দ্রীয় ব্যাংকের সার্কুলার
৬। আগামী সংসদ অধিবেশনে ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল আইন সংশোধন করা হবে : নেত্রকোণায় আইনমন্ত্রী
৭। উৎপাদনশীলতা বাড়াতে ১০ বছরের মহাপরিকল্পনা শিল্পমন্ত্রীর কাছে হস্তান্তর
৮। দেশে আরো মুজিব কেল্লা ও আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হবে : বগুড়ায় ত্রাণ প্রতিমন্ত্রী
৯। নির্মাণাধীন ভবনে অ্যাডিস মশার লার্ভা পেলে আইনগত ব্যবস্থা : ডিএসসিসি মেয়র
১০। পিআইডি'র তথ্য বিবরণী : সন্দেহ হলেই গণপিটুনি নয়, ৯৯৯ নম্বরে ফোন দেয়ার পরামর্শ
১১। রোহিঙ্গা সঙ্কট সমাধানে এগিয়ে আসুন : ন্যামের মন্ত্রী পর্যায়ের সভায় জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি
১২। শান্তি ও মানবিকতা রক্ষায় চলচ্চিত্র ভূমিকা রাখতে পারে : তথ্যমন্ত্রী
১৩। প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে বাদ্যযন্ত্র দেওয়া হবে : ময়মনসিংহে সংস্কৃতি প্রতিমন্ত্রী
১৪। এক হাটের পশু জোর করে অন্য হাটে নিলে ব্যবস্থা : ডিএমপি কমিশনার

চলমান পাতা-২

**১। রাষ্ট্রপতি আজ ৪৫ ব্যক্তি ও ২ প্রতিষ্ঠানকে জনপ্রশাসন পদক প্রদান করবেন**

জাতীয় পাবলিক সার্ভিস দিবস আজ। বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারের বিভিন্ন সংস্থার বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে দেশব্যাপী দিবসটি পালিত হবে। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ আজ (২৩ জুলাই মঙ্গলবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে জনপ্রশাসনে উদ্ভাবনী ধারণাকে কাজে লাগিয়ে নাগরিক সেবা সহজীকরণের স্বীকৃতিস্বরূপ ৪৫ ব্যক্তি ও ২ প্রতিষ্ঠানকে 'জনপ্রশাসন পদক-২০১৯' প্রদান করবেন। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র : **যুগান্তর** (শেষ পৃ,ক.৫)।

**২। মাছ চাষে বাংলাদেশ সফল, বিশ্বে চতুর্থ স্থানে : মাছের পোনা অবমুক্তরণ অনুষ্ঠানে স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বিগত দুই মেয়াদে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ মাছ চাষে সফলতা লাভ করেছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ বর্তমানে মৎস্য উৎপাদনে বিশ্বে চতুর্থ স্থানে রয়েছে। এ ধারা অব্যাহত থাকলে মৎস্য উৎপাদনে বাংলাদেশ ভবিষ্যতে আরো এগিয়ে যাবে। সরকারের বাস্তবমুখী পদক্ষেপের কারণে বাংলাদেশ আজ খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ। সরকার ক্ষুধামুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয়ে নিরলসভাবে কাজ করছে। 'জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৯' উপলক্ষে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়াধীন মৎস্য অধিদপ্তরের উদ্যোগে গতকাল (২২ জুলাই সোমবার) সংসদ ভবন লেকে পোনা অবমুক্তকরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১)।

**৩। বন্যায় ক্ষতিগ্রস্ত সড়ক ঈদের আগেই জরুরিভিত্তিতে মেরামত করা হচ্ছে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, পোশাককর্মীদের ঈদের সময় বিআরটিসি বাস দিয়ে সহযোগিতা করা হবে। তাদের ছুটির বিষয়ে মালিকদের যথাযথ উদ্যোগ নিতে বলা হয়েছে। দেশের বন্যাকবলিত এলাকার সড়কের ক্ষতি হলেও তা ঈদের আগেই জরুরিভিত্তিতে মেরামত করা হচ্ছে। তাই মহাসড়কে কোথাও যানজট হওয়ার কোনো কারণ নেই। সেতুমন্ত্রী আরো বলেন, যত্রতত্র কোরবানির পশুর হাট যেন না বসে, এ ব্যাপারে সংশ্লিষ্ট সবাইকে জানানো হয়েছে। ঢাকার দুই সিটি করপোরেশনকেও এ বিষয়ে লক্ষ্য রাখতে অনুরোধ করা হয়েছে। গতকাল (২২ জুলাই সোমবার) সচিবালয়ে সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সংবাদসম্মেলনে তিনি এ কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৭)।

**৪। সরকারি ব্যাংকে খেলাপি ঋণ কমেছে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, দেশের সরকারি ব্যাংকগুলোতে খেলাপি ঋণের পরিমাণ কমেছে। একইসঙ্গে ব্যাংকগুলো সুদের হার সিঙ্গেল ডিজিটে নিয়ে এসেছে। বাকি ব্যাংকগুলোও এটি বাস্তবায়ন করবে। গতকাল (২২ জুলাই সোমবার) সচিবালয়ে অর্থ মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে রাষ্ট্রায়ত্ত ব্যাংকের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকদের (এমডি) সঙ্গে বৈঠক শেষে অর্থমন্ত্রী সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫)।

**৫। শতকোটি টাকা ঋণখেলাপিদের জন্য বিশেষ তদারকি সেল হচ্ছে : কেন্দ্রীয় ব্যাংকের সার্কুলার**

১০০ কোটি টাকা বা তার বেশি খেলাপি ঋণ আছে এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নিবিড় তদারকির মধ্যে আনার নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। এজন্য সব ব্যাংকে বিশেষ তদারকি সেল গঠন করতে বলা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের 'ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ' গতকাল (২২ জুলাই সোমবার) এ সংক্রান্ত সার্কুলার জারি করে সব ব্যাংকের প্রধান নির্বাহীর কাছে পাঠিয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৭)।

**৬। আগামী সংসদ অধিবেশনে ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল আইন সংশোধন করা হবে : নেত্রকোণায় আইনমন্ত্রী**

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, পঁচাত্তর সালের পর দীর্ঘ সময় দেশে আইনের শাসন ছিল না। প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে আইনের শাসন প্রতিষ্ঠার জন্য কাজ করে যাচ্ছেন। আইনের শাসন একদিনে প্রতিষ্ঠা হয় না। যুক্তরাজ্যকে আইনের শাসনের উদাহরণ হিসেবে মনে করা হয়, সেখানেও আইনের শাসন প্রতিষ্ঠা করতে দুই শ' বছর লেগেছে। আইনমন্ত্রী আরো বলেন, সংসদের আগামী অধিবেশনে ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল আইন সংশোধন করে যুগ্ম জেলা জজের পাশাপাশি সহকারী জজ ও সিনিয়র সহকারী জজকে ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালের মামলা পরিচালনার এখতিয়ার দেয়া হবে। গতকাল (২২ জুলাই সোমবার) নেত্রকোণায় জেলা আইনজীবী সমিতির পাঁচ তলাবিশিষ্ট নবনির্মিত ভবন উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৭। উৎপাদনশীলতা বাড়াতে ১০ বছরের মহাপরিকল্পনা শিল্পমন্ত্রীর কাছে হস্তান্তর**

বাংলাদেশের শিল্প, সেবা, কৃষিসহ বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বাড়াতে দশ বছর মেয়াদি 'বাংলাদেশ ন্যাশনাল প্রোডাক্টিভিটি মাস্টার প্ল্যান ২০২১-২০৩০' তৈরি করা হয়েছে। জাপানভিত্তিক এশিয়ান প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এপিও) এ মহাপরিকল্পনা তৈরি করে হস্তান্তর করেছে। গতকাল (২২ জুলাই সোমবার) শিল্প মন্ত্রণালয়ে এক অনুষ্ঠানে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূনের হাতে দশ বছরের মহাপরিকল্পনা তুলে দেন এপিও'র মহাসচিব ড. শান্তি কানকতানাপর্ন। এ সময় শিল্পমন্ত্রী বলেন, উৎপাদনশীলতার মহাপরিকল্পনার বাস্তবায়ন জাতীয় অর্থনীতিতে ব্যাপক ইতিবাচক পরিবর্তন আনবে। তিনি অর্থনৈতিক উন্নয়নের অভিযাত্রা জোরদারে শিল্পসহ বিভিন্ন খাতে উৎপাদনীলতা বৃদ্ধির ওপর গুরুত্ব দেন। সূত্র : **সমকাল** (পৃ.১২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১)।

**৮। দেশে আরো মুজিব কেল্লা ও আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হবে : বগুড়ায় ত্রাণ প্রতিমন্ত্রী**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. এনামুর রহমান বলেছেন, প্রাকৃতিক দুর্যোগের সময় মানুষ যাতে নিরাপদে পশু ও অন্য সম্পদ নিয়ে আশ্রয় নিতে পারে, সেজন্য সারা দেশে আরো মুজিব কেল্লা ও আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হবে। গতকাল (২২ জুলাই সোমবার) বগুড়া জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির বিশেষ সভায় এসব কথা বলেন তিনি। প্রতিমন্ত্রী আরো বলেন, বাঙালি সাহসী জাতি, দুর্যোগ মোকাবিলা করে বাংলাদেশ আজ টিকে আছে। দুর্যোগ মোকাবিলায় বাংলাদেশ বিশ্বের কাছে অন্যতম রোল মডেল। দেশের যেকোনো প্রান্তে চাহিদা অনুযায়ী কয়েক ঘণ্টার ব্যবধানে ত্রাণ পৌঁছে দিতে আমরা প্রস্তুত রয়েছি। কোথাও ত্রাণের সংকট থাকবে না। বন্যাকবলিত অঞ্চলে চাহিদা মোতাবেক ত্রাণ বিতরণ করা হয়েছে। বন্যা-পরবর্তী পরিস্থিতি মোকাবিলার জন্য সরকার প্রস্তুত। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১৫,ক.৫)।

**৯। নির্মাণাধীন ভবনে অ্যাডিস মশার লার্ভা পেলে আইনগত ব্যবস্থা : ডিএসসিসি মেয়র**

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র সাঈদ খোকন বলেছেন, নির্মাণাধীন ভবনগুলোতে অ্যাডিস মশার প্রজননস্থল অন্যান্য জায়গার তুলনায় অনেক বেশি। তাই যেসব নির্মাণাধীন ভবনে পানি জমে থাকার ফলে অ্যাডিস মশার লার্ভা পাওয়া যাবে সেসব ভবনের কর্তৃপক্ষের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। গতকাল (২২ জুলাই সোমবার) ঢাকা শিশু হাসপাতালে ভর্তি ডেঙ্গুতে আক্রান্ত রোগীদের খোঁজখবর নিতে গিয়ে মেয়র সাংবাদিকদের এসব কথা বলেন।সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

**১০। পিআইডি'র তথ্য বিবরণী : সন্দেহ হলেই গণপিটুনি নয়, ৯৯৯ নম্বরে ফোন দেয়ার পরামর্শ**

সন্দেহ হলে গণপিটুনি না দিয়ে ৯৯৯ নম্বরে ফোন দেয়ার পরামর্শ দিয়েছে সরকার। গত কয়েকদিনে গণপিটুনিতে কয়েকটি মৃত্যু ঘটার প্রেক্ষাপটে সন্দেহের ওপর ভিত্তি করে আইন হাতে তুলে না নিয়ে পুলিশকে জানাতে সবার প্রতি আহ্বান জানানো হয়েছে। গতকাল (২২ জুলাই সোমবার) এক তথ্য বিবরণীতে গুজব ও গণপিটুনি নিয়ে এ সতর্কবার্তা দেয়া হয়। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৭)।

**১১। রোহিঙ্গা সঙ্কট সমাধানে এগিয়ে আসুন : ন্যামের মন্ত্রী পর্যায়ের সভায়
জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি**

রোহিঙ্গা সঙ্কট সমাধানে জোট নিরপেক্ষ দেশ (ন্যাম) এবং দক্ষিণ-পূর্ব এশীয় এ্যাসোসিয়েশন (আসিয়ান) ও আন্তর্জাতিক সম্প্রদায়কে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেন। গতকাল (২২ জুলাই সোমবার) ভেনিজুয়েলার রাজধানী কারাকাসে ন্যাম কোঅর্ডিনেটিং ব্যুরোর মন্ত্রী পর্যায়ের সভায় এ আহ্বান জানান তিনি। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**১২। শান্তি ও মানবিকতা রক্ষায় চলচ্চিত্র ভূমিকা রাখতে পারে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, জঙ্গিবাদ-উগ্রবাদ নিরসন, শান্তি ও মানবিকতা সংরক্ষণে চলচ্চিত্র অনবদ্য ভূমিকা রাখতে পারে। গতকাল (২২ জুলাই সোমবার) রাজধানীর গণগ্রন্থাগারের শওকত ওসমান মিলনায়তনে শান্তির অন্বেষায় চলচ্চিত্র নিয়ে 'ফিল্মস ফর পিস ফাউন্ডেশন' আয়োজিত দুই দিনব্যাপী 'পিস ফিল্ম ফেস্টিভ্যাল ২০১৯' এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। তথ্যমন্ত্রী আরো বলেন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আর সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যাপ্তির এ যুগেও মানবিকতার বিকাশ ঘটাতে ও সমাজকে শান্তির পথে এগিয়ে নিতে চলচ্চিত্রের বিকল্প নেই। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮)।

**১৩। প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে বাদ্যযন্ত্র দেওয়া হবে : ময়মনসিংহে সংস্কৃতি প্রতিমন্ত্রী**

সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ বলেছেন, শুদ্ধ জাতীয় সঙ্গীত ও সংস্কৃতি চর্চার লক্ষ্যে দেশের প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে বাদ্যযন্ত্র দেওয়া হবে। নিয়োগ দেওয়া হবে একজন করে প্রশিক্ষকও। পাশাপাশি ইসলামী সঙ্গীত শিক্ষার জন্য মাদ্রাসার প্রধানরাও বাদ্যযন্ত্র নিতে পারবেন। গ্রামবাংলার হারিয়ে যাওয়া সে ঐতিহ্য ফিরিয়ে আনতেও পদক্ষেপ নেওয়া হচ্ছে। গতকাল (২২ জুলাই সোমবার) ময়মনসিংহের মুক্তাগাছা উপজেলা পরিষদের শহীদ হজরত আলী অডিটরিয়ামে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে বাদ্যযন্ত্র প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.৭,ক.৫)।

**১৪। এক হাটের পশু জোর করে অন্য হাটে নিলে ব্যবস্থা : ডিএমপি কমিশনার**

দেশে বিভিন্ন স্থান থেকে আসা কোরবানির পশু নির্ধারিত হাট ছাড়া অন্য কোথাও নামানো যাবে না বলে সতর্ক করে দিয়েছেন ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার মো. আসাদুজ্জামান মিয়া। গতকাল (২২ জুলাই সোমবার) নিজ কার্যালয়ে পশুর হাটের নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা নিয়ে সমন্বয় সভায় তিনি এ কথা বলেন। ডিএমপি কমিশনার বলেন, সবার সঙ্গে সমন্বয় করে একটি সুন্দর কোরবানির পশুর হাটের ব্যবস্থা করতে হবে। ঢাকা শহরের অনুমোদিত পশুর হাট থাকবে পুলিশের কঠোর নজরদারিতে। পশুবাহী ট্রাক যেখানে যেতে চায়, তা সেখানে যেতে দিতে হবে। কোনো অবস্থায় ট্রাকে বাধা দেয়া যাবে না। গন্তব্যস্থানের নাম বড় করে ব্যানার লিখে প্রতিটি ট্রাকের সামনে ঝুলিয়ে রাখতে হবে। কোনোভাবেই এক হাটের পশু অন্য হাটে জোর করে নামানো যাবে না। কেউ যদি এমন করে, তাহলে তাকে ফৌজদারি অপরাধে আইনের আওতায় আনা হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪)।

## সম্পাদকীয়

**ক.** **সমকাল :** সরকারি নিরাময় কেন্দ্রগুলোতে গত বছর চিকিৎসা নেওয়া মাদকসেবীর সংখ্যা ২৫ হাজারেরও বেশি এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে নানা উদ্যোগের পরও মাদকাসক্তদের ক্রমবর্ধমান এ বৃদ্ধি প্রতিরোধে যথাযথ উদ্যোগ নেওয়ার সুপারিশ।

**খ.** **ইত্তেফাক :** রাজধানীর খালগুলো ভরাট করে অবৈধভাবে দোকানপাট, বাড়িঘরসহ বিভিন্ন স্থাপনা নির্মাণ করায় জলাবদ্ধতার সৃষ্টি হচ্ছে উল্লেখ করে খালগুলো পুনরুদ্ধারে যথাযথ উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**গ.** **বণিকবার্তা :** সাত বছরের বেশি বয়সী ৫৪টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ৩৪টি এখনো নিজস্ব ক্যাম্পাসে যাওয়ার শর্ত পূরণ করেনি উল্লেখ করে স্থায়ী ক্যাম্পাসের সাথে সাথে মানসম্মত শিক্ষা নিশ্চিত করার সুপারিশ।

ঘ. **যায়যায়দিন :** যতদিন যাচ্ছে রাজধানীতে ডেঙ্গুর ভয়াবহতা বাড়ছে উল্লেখ করে পরিকল্পিত কার্যকর উদ্যোগই পারে ডেঙ্গুর ভয়াবহতা থেকে মানুষকে মুক্তি দিতে-বলে মতপ্রকাশ।

**ঙ.** **ইনকিলাব :** চলমান বন্যা এবং ভারি বৃষ্টিপাতে দেশের সড়ক-মহাসড়ক ব্যাপক ক্ষতির সম্মুখীন হওয়ায় আসন্ন ঈদের আগেই এগুলো চলাচল উপযোগী করতে পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**চ.** **ডেইলি সান :** ছেলেধরা সন্দেহে গণপিটুনির ঘটনা ঘটছে উল্লেখ করে জনগণকে আইন নিজের হাতে তুলে না নেওয়ার আহ্বান।

ছ. **নিউ নেশন :** বন্যাকবলিত এলাকায় রোগাক্রান্তের সংখ্যা বাড়ছে উল্লেখ করে বন্যাদুর্গত মানুষের পাশে দাঁড়ানোর ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, একজন সফল রাষ্ট্রনায়ক হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবদান আজ আন্তর্জাতিকভাবে স্বীকৃত।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **‘নৈতিক শিক্ষার বিকল্প নেই’** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, দেশে নারী ও শিশুধর্ষণের ভয়াবহতা রোধসহ অপরাধ প্রবণতা সহনীয় পর্যায়ে রাখতে হলে দেশে গণতান্ত্রিক মূল্যবোধ প্রতিষ্ঠা, আইনের শাসন, দণ্ডবিধির যথাযথ প্রয়োগ, নৈতিক শিক্ষার সম্প্রসারণ করতে হবে।

#

ডালিয়া/রিদওয়ান/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/ ৯.০০ঘন্টা